আজকের কাগজ

তারিখ 05 OCT 1993

পৃষ্ঠা ... কলাম ...

07

# যশোর বোর্ডের এসএসসি পরীক্ষায় ৫৬৭ নম্বর পেয়ে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোরের অধীনে ১৯৯৩ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ফলাফল প্রথম থেকেই ব্যাপক গড়মিল লক্ষ্য করা যাচ্ছে। সম্প্রতি আর একটি অসামঞ্জস্য বিষয় ধরা পড়েছে। প্রকাশ, লোহাগড়া থানার ইতনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী কুহেলী রানী হাজরা মানবিক শাখা রোল নং লোহা-ম-১৩৩৩ যশোর বোর্ড কর্তৃক প্রকাশিত ফলাফল সিট, টেবুলেশন সিট ও নম্বর ফর্দে তাকে ১ম বিভাগে উত্তীর্ণ দেখানো হয়েছে এবং মোট নম্বর দেখানো হয়েছে ৬৬৭। কিন্তু প্রকৃতপক্ষে যোগ করে দেখা যায় সে নম্বর পেয়েছে মাত্র ৫৬৭।

উক্ত ছাত্রী বিদ্যালয় থেকে প্রশংসাপত্র এবং নম্বর ফর্দ নিয়ে লোহাগড়া আদর্শ মহাবিদ্যালয়ে একাদশ মানবিক শাখায় ভর্তি হয়েছে। ক্রমিক সংখ্যা ১৫। যশোর শিক্ষা বোর্ডের এহেন খামখেয়ালিপনা কাজের জন্য জনমনে সন্দেহের সৃষ্টি হয়েছে। বোর্ড-এর ৪ জন কর্মকর্তা যেমন লেখক, নিরীক্ষক, পরীক্ষক এবং সহ-পরীক্ষা নিয়ন্ত্রক উক্ত ছাত্রীর কাগজপত্রগুলো কি পরীক্ষা-নিরীক্ষা না করেই স্বাক্ষর করেছেন ? না বোর্ড কর্মকর্তাদের কাজের প্রতি অনীহা ? জনমনে এ নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে ?

লোহাগড়া থেকে শেখ আতাউর রহমান ফিরোজ।